আর্য্য-ধাত্রীবিদ্যা।

প্রথম খণ্ড।

শ্রীসুরেন্দ্রনাথ গোস্বামী বি. এ. এল্. এম্. এস্.

প্রণীত।

কুমারখালী

মথুরানাথ যন্ত্রে [illegible] শ্রীকুঞ্জলাল দাস দ্বারা মুদ্রিত।

১৩০৬ সাল, পৌষ।

মূল্য ।০ আনা।

Dedicated

By Permission

RÁJA PEARY MOHAN MUKERJI

আর্য্য ধাত্রীবিদ্যা ।

প্রথম অধ্যায় ।

শ্রোণি বিবরণ ।

হিন্দু শরীরতত্ত্ববিদ্‌ পণ্ডিতেরা শ্রোণি এবং কটি শব্দ একার্থবোধক বলিয়া বর্ণনা করিয়াছেন ; (১) তাঁহাদিগের মতে শ্রোণি বা কটিদেশ চারিখানি * অস্থি বিনির্ম্মিত না হইয়া পাঁচখানি অস্থি সঙ্ঘাতে সমুৎ-

১। (ক) শ্রোণিঃ কটিঃ——অরুণদত্তঃ।

(খ) গুদন্ত্বপানং পায়ুর্না বস্তি নাভে রধোদ্বয়োঃ
কটৌ না শ্রোণিফলকং কটিঃ শ্রোণি কুকুদ্মতী
পশ্চান্নিতম্বঃ স্ত্রীকট্যাঃ ক্লীবেতু জঘনং পুরঃ
কূপকৌতু নিতম্বস্থৌ দ্বয়হীনে কুকুন্দরে
স্ত্রিয়াং স্ফিচৌ কটি প্রোথা বপস্থো বক্ষমাণয়োঃ
ভগং যোনিদ্বয়োঃ শিশ্নোঃ মেঢ্র মেহন শেফসী
মুস্কোহণ্ডকোষো বৃষণঃ পৃষ্ঠবংশাধরে ত্রিকম্ ॥

—অমরঃ।

* "It (the pelvis) is composed of four bones. The two ossainnominata which bound it on either side

পদ্ম। (২) দুই শ্রোণিফলকে বা দুই নিতম্বে দুইখানি; ত্রিক অর্থাৎ পৃষ্ঠবংশাধারে একখানি, পায়ুদেশে একখানি; এতদ্ব্যতীত যে অস্থিখণ্ড পুরুষের মেঢ্র বা স্ত্রীলোকের ভগাশ্রিত * বলিয়া উক্ত হইয়াছে, সম্ভবতঃ তাহাই পাশ্চাত্য শরীরতত্ত্ববিদ্‌দিগের বর্ণিত পিউবিসের কেন্দ্রাস্থি,—যাহা পঞ্চবিংশতি বর্ষ বয়ঃক্রমকাল ‡ পর্য্যন্ত শ্রোণিফলকের অপরাপর অস্থিখণ্ড হইতে সম্পূর্ণরূপ অসংযুক্ত অবস্থায় বর্ত্তমান দেখিতে পাওয়া যায়। অধিকন্তু দক্ষিণ পার্শ্বের এই কেন্দ্রাস্থি বামপার্শ্বস্থিত কেন্দ্রাস্থির সহিত পূর্ব্ব হইতেই এমন দৃঢ়রূপে সংবদ্ধ দৃষ্ট হয় যে, এই উভয় কেন্দ্রাস্থিকে এক বা অভিন্ন বলিয়া ভ্রম না হইয়া যায় না। এই প্রকারে যদি ভগাস্থি বা মেঢ্রাস্থির স্বতন্ত্র অস্তিত্ব স্বীকার করা যায়, তাহা হইলে শ্রোণিদেশ চারিখানি অস্থিখণ্ড বিনির্ম্মিত, ইহা না বলিয়া, পাঁচখানি অস্থি নির্ম্মিত বলায় কোন বিশেষ দোষ পড়িতেছে না।

২। (ক) দ্বে শ্রোণিফলকে একং ভগাস্থি পুংসাং মেঢ্রাস্থি
একং ত্রিকসংস্থিত মেকং গুদাস্থি——চরকঃ

(খ) শ্রোণ্যাং পঞ্চ তেষাং গুদভগ নিতম্বেষু
চত্বারি ত্রিকসংশ্রিত মেকম্——সুশ্রুতঃ

(গ) শিশ্নে ভগে চ একম্ গুদে একম্ নিতম্বয়ো
রেকৈকম্ ত্রিকে একম্——ভাবমিশ্রঃ

---

and in front and the sacrum and coccyx, which complete it behind"

* "It (the pubes) forms the front of the pelvis, supports the external organs of generation"

‡ "They become joined to the rest of the bone about the twenty fifth year" Gray.

মনুষ্য শরীরস্থ যাবতীয় অস্থিসন্ধি দুই প্রধান শ্রেণীতে বিভক্ত— * চেষ্টাবন্ত বা সচল, স্থির বা নিশ্চল। (৩) কটিসন্ধিকে আয়ুর্ব্বেদবিদেরা চেষ্টাবন্ত অর্থাৎ সচল বলিয়া + বর্ণনা করিয়াছেন। (৪)

পূর্ব্বোক্ত সচল ও নিশ্চল সন্ধিগুলির ভিতরও আবার প্রকার-ভেদ দৃষ্ট হয়; যথা কোর, উদূখল, সামুদ্গা, প্রতর, তুন্নসেবনী, বায়স-তুণ্ড, মণ্ডল ও শঙ্খাবর্ত্ত। (৫) ইহার মধ্যে সামুদ্গ নামক সন্ধি পায়ু,

---

৩। (ক) সন্ধয়স্তু দ্বিবিধা শ্চেষ্টাবন্তঃ স্থিরাশ্চ — সুশ্রুতঃ

(খ) অথ সন্ধয়ঃ—তে দ্বিবিধাশ্চেষ্টাবন্তঃ স্থিরাশ্চ

—ভাবমিশ্রঃ

৪। শাখাস্বহন্বোঃ কট্যাঞ্চ চেষ্টাবন্তস্তু সন্ধয়ঃ
শেষাস্তু সন্ধয়ঃ সর্ব্বে বিজ্ঞেয়া হি স্থিরা বুধৈঃ

—সুশ্রুতঃ

৫। (ক) তু এতে সন্ধয়োঽষ্টবিধাঃ— কোরোদূখল-
সামুদ্গ-প্রতর তুন্নসেবনী (তূনসেবিনী) বায়স-
তুণ্ড মণ্ডল শঙ্খাবর্ত্তাঃ—— সুশ্রুতঃ

(খ) কোরোদূখল সামুদ্গাঃ প্রতরস্তুন্নসেবিনী
কাকতুণ্ডং মণ্ডলঞ্চ শঙ্খাবর্ত্তোঽষ্ট-সন্ধয়ঃ

—— ভাবমিশ্রঃ

---

* "The articulations are divided into three classes, synarthrosis or immovable amphiarthrosis or mixed and diarthrosis or movable joints" —— Gray.

+ "The pelvic articulations are strictly speaking to be considered examples of the class of joints termed arthrodia" (movable) Playfair.

ভগ ও নিতম্বস্থানে বর্ত্তমান আছে, আর কটিকপালে যে তিনটি সন্ধি আছে, তাহারা সকলেই তুন্নসেবনী। (৬)

স্নায়ুদ্বারা * শরীরের মাংস অস্থি মেদ এবং সন্ধির বন্ধন সুদৃঢ়রূপে সম্পাদিত হয়। (৭) আয়ুর্ব্বেদশাস্ত্রে শ্রোণিদেশের স্নায়ুসংখ্যা ষষ্টি-

---

৬। (ক) অংসপীঠ-গুদভগনিতম্বেষু সামুদ্গাঃ

সুশ্রুতো ভাবমিশ্রশ্চ

(খ) শিরঃকটিকপালেষু তুন্নসেবনী——

সুশ্রুতো ভাবমিশ্রশ্চ।

ত্রয়ঃ কটিকপালেষু — সুশ্রুতঃ

সামুদ্গাঃ সংপুটঃ সমুদ্গা এব সামুদ্গাঃ অত্র

স্বার্থে অণ্ ——ভাবমিশ্রঃ

তুনস্যেব তুনরস্য সেবিনী স্তৃনী স্তৃনসেবিনী

ভাবমিশ্রঃ

৭। (ক) নৌর্যথা ফলকাস্তীর্ণা বন্ধনৈর্বহুভির্যুতা।

ভার ক্ষমা ভবেদপ্সু—নৃযুক্তা সুসমাহিতাঃ॥

এবমেব শরীরেঽস্মিন্ যাবন্ত সন্ধয়ঃ স্মৃতাঃ।

স্নায়ুভির্বহুভির্বদ্ধা স্তেন ভারসহা নরাঃ॥

নহ্যস্থীনি নবা পেশ্যো ন শিরা নচ সন্ধয়ঃ।

ব্যপাদিতা স্তথাহন্য যথা স্নায়ুঃ শরীরিণম্॥

—সুশ্রুতঃ

---

* —— By the term connective tissue we mean a number of tissues which possess this feature in common, viz, that they serve the general purpose in the

সংখ্যক বলিয়া কথিত হইয়াছে। প্রতানবতী, বৃত্ত, পৃথু, শুষির এই চতুর্ব্বিধ স্নায়ুর (৮) মধ্যে যাহারা প্রতানবতী, তাহাদিগের প্রত্যেকটির ভিতর আবার অনেকগুলি করিয়া সূক্ষ্ম স্নায়ু বিদ্যমান আছে। স্থূলতঃ পরিগণনা করিলে যদিও শ্রোণিদেশে দ্বাদশটির অধিক স্নায়ু আছে বলিয়া বোধ হয় না, কিন্তু ইহাদের সূক্ষ্ম অংশ সকল ধরিয়া গণনা করিলে, শ্রোণিদেশের স্নায়ু সংখ্যা ষষ্টি সংখ্যা হইতে সম্ভবতঃ ন্যূন হইবে না। স্নায়ু এবং অস্থি দেখিতে সম্পূর্ণ

(খ) স্নায়বো বন্ধনানি স্যুর্দেহে মাংসাস্থি মেদসাম্।
সন্ধীনামপি যত্তাস্তু শিরাভ্যঃ সুদৃঢ়াঃ স্মৃতাঃ
— ভাবমিশ্রঃ

৮। (ক) স্নায়ূশ্চতুর্ব্বিধা বিদ্যাৎ তাস্তু সর্ব্বা নিবোধ মে।
প্রতানবত্যো বৃত্তাশ্চ পৃথ্বাশ্চ শুষিরা স্তথা॥ —সুশ্রুতঃ

(খ) প্রতানবত্য শাখাসু সর্ব্ব সন্ধিষু চাপ্যথ।
বৃত্তাস্তু কণ্ডরাঃ সর্ব্বে বিজ্ঞেয়াঃ কুশলৈরিহ
আমপক্বাশয়ান্তেষু বস্তৌ চ শুষিরা খলু।
পার্শ্বোরসি তথা পৃষ্ঠে পৃথুলাশ্চ শিরস্যথ। —সুশ্রুতঃ

(গ) ষষ্টিঃ কট্যাম্ — সুশ্রুতোভাবমিশ্রশ্চ।

---

animal economy of supporting and connecting the tissues of the frame. These tissues may differ considerably from each other in external appearance, but they present nevertheless many points of relationship with each other; and are moreover developed from the same embryonal elements. They are divided into three great groups (1) fibrous connective tissues (2) cartilage (3) bone.

বিভিন্ন হইলেও উভয়েই মেদ সমুদ্ভূত * এবং উভয়েই শরীর-ধারণ-কার্য্যের প্রধান আশ্রয়। (৯)

৯। অথ অস্থ্নাং স্বরূপমাহ ——

(ক) মেদো যৎ স্বাগ্নিনা পক্বং বায়ুনা চাতিশোষিতম্
তদস্থি সংজ্ঞাং লভতে সসার সর্ব্ববিগ্রহে। ভাবমিশ্রঃ

তত্র স্নায়োঃ স্বরূপমাহ।

(খ) মেদসঃ স্নেহমাদায় শিরা স্নায়ুত্বমাপ্নুয়াৎ।
শিরাণাং হি মৃদুপাকঃ স্নায়ুনাস্তু ততঃ খরঃ॥
ভাবমিশ্রঃ

"Three principal forms or varieties of fibrous contive tissue are recognised (I) white fibrous tissue (2) yellow elastic tissue (3) areolar tissue."

"The white fibrous tissue is a true connective structure and serves three purposes in the animal economy. It serves to bind bones together in the form of ligaments. It serves to connect muscles to bones or other structure in the form of tendons and it forms an investing or protecting structure to various organs in the forms of membranes"

"Areolar tissue is so called because its meshes are easily distended and thus separated into areola or spaces……It forms sheaths for muscles nerves, glands and the internal organs."

"Yellow elastic tissue—distribution—In the ligamentum nuche of the ox, horse and many other animals in the ligamentum subflava of man"— Kirke.

* "Development of adipose tissue—fat cells are deve-

আর্য্য-ধাত্রীবিদ্যাবিদ্ চিকিৎসকেরা শ্রোণিপ্রদেশের বিস্তারাদি নির্ণয় করা তেমন প্রয়োজন মনে করেন নাই। * তাঁহাদিগের মতে পুরুষের বক্ষঃস্থল যে পরিমাণে বিস্তৃত, স্ত্রীলোকের শ্রোণির পরিমাণও ঠিক তাহাই। (১০) কুব্জতা প্রভৃতি বিকৃতিসম্পন্ন শরীরে শ্রোণিপ্রদেশের নির্দ্ধারিত পরিমাণের হ্রাস বৃদ্ধি ঘটে এবং প্রসব কার্য্যের যথেষ্ট বিঘ্ন উৎপন্ন হয়: সেই জন্য জানা উচিত যে সুস্থ দেহে বামপার্শ্বস্থ কুকুন্দর হইতে দক্ষিণপার্শ্বস্থ কুকুন্দরের ব্যবধান অষ্টাদশ অঙ্গুলি, ত্রিকস্থানের উৎসেধ দ্বাদশাঙ্গুলি এবং কটির বিস্তার ষোড়শাঙ্গুলি। (১১)

---

(১০) পুরুষোরঃ প্রমাণ বিস্তীর্ণা স্ত্রী শ্রোণি
অষ্টাদশাঙ্গুল বিস্তীর্ণ মুরঃ—স্থশ্রুতঃ

(১১) ত্রিকং দ্বাদশাঙ্গুলোৎসেধম্ — চরকঃ
ষোড়শাঙ্গুল বিস্তারা কটি—চরকঃ

---

loped from connective tissue corpuscles............... under certain circumstances this process may be reversed and fat cells may be changed back into connective tissue corpuscles"

"In the long bones fatty tissue, in the form known as yellow marrow fills the medulary canal"

"Fat globules may also be seen in many cartilages"
—Kirke.

* —The external measurements of the pelvis are of no real consequence in normal parturition but they may help us in certain cases, to estimate the existence and amount of deformities"

শ্রোণি সম্বন্ধে যে বিস্তারের কথা উল্লিখিত হইল, তাহা সকল স্থলে ও সকল দেশে সমান নহে। * বিশেষতঃ চরক ও সুশ্রুতের আবির্ভাবকালের (১২) লোক এখনকার লোক অপেক্ষা অনেক বেশী দীর্ঘায়ু ও দীর্ঘায়তন ছিল, সুতরাং শ্রোণির দৈর্ঘতা সম্বন্ধে যে, কিছু মতভেদ দৃষ্ট হইবে, ইহা অসম্ভবপর নহে।

---

(১২) "অত্রি কৃত যুগে চৈব দ্বাপরে সুশ্রুতো মতঃ
কলৌ বাগ্‌ভট নামা চ" ——

"The circumference of the brim measures about 16 inches" —Samuel Nall.

"Those which are generally given are between the anterior superior iliac spines 10 inches, between the central crests of the ilia $10\frac{1}{2}$ inches"

* "The size of the pelvis increases from south to north" —Playfair

দ্বিতীয় অধ্যায়।

অপত্যপথ।

স্ত্রীলোকদিগের অপত্যপথ স্থূলতঃ তিনভাগে * বিভক্ত; উহার এক একটি ভাগকে এক একটি আবর্ত্ত কহে। প্রথম আবর্ত্তের নাম যোনিকর্ণিকা, দ্বিতীয় আবর্ত্তের নাম ভগ, তৃতীয় আবর্ত্তকে জরায়ু বা গর্ভাশয় কহে, জরায়ুর মুখের নাম গর্ভদ্বার। (১৩)

সঙ্গমকালে শুক্র বিচ্যুত হইয়া প্রথমতঃ ভগ বা দ্বিতীয়াবর্ত্তে সঞ্চিত হয়; (১৪) পরে তথা হইতে বীজ ঊর্দ্ধগামী হইয়া গর্ভদ্বার পথে গর্ভাশয়ে অনুপ্রবেশ করে; (১৫) এখানে পুষ্প হইতে আনীত আর্ত্তবের সারভূত

১৩। শঙ্খনাভ্যাকৃতি র্যোনি স্ত্র্যাবর্ত্তা সা চ কীর্ত্তিতা
তস্যা স্তৃতীয়ে ত্বাবর্ত্তে গর্ভশয্যা প্রতিষ্ঠিতা—ভাবমিশ্রঃ

১৪। শুক্রঃ চ্যুতঃ যোনিমভিপদ্যতে

১৫। (ক) তৎসংক্রত্য ব্যাত্তমুখং যাতি গর্ভাশ্রয়ং প্রতি।
তত্র শুক্রবদা য়াতেনার্ত্তবেন যুতং ভবেৎ॥—ভাবমিশ্রঃ

(খ) স্বস্থানত শ্চ্যুতাৎ শুক্রাদ্বিন্দুমাদায় মারুতঃ।
গর্ভাশয়ং প্রবিশতি যদা তুল্যং তদাপরঃ॥

---

* —— "The reproductive organs in the female are conveniently divided, according to their functions, into (1) the external or copulative organs, which are chiefly concerned in the act of insemination, and are only of secondary importance in parturition: They include all the organs situate externally which form the vulva

বীজ সংজ্ঞক পদার্থের সহিত সংমিশ্রিত হইয়া, পরে গর্ভ সংজ্ঞায় অভিহিত হয়। (১৬)

পূর্ব্বোক্ত তিনটি আবর্ত্তের সঙ্গে সঙ্গে গৌরী ও চান্দ্রমসী নামে দুইটী প্রধানা নাড়ীর কথা কোন কোন তন্ত্রগ্রন্থে উল্লিখিত হইয়াছে। গৌরী পথে পুত্রসন্তানের বীজ আনীত হয় এবং এই সময় সুরত-স্পৃহা অতি বলবতী হইয়া থাকে; চান্দ্রমসীর সুরত স্পৃহা অপেক্ষাকৃত অল্প এবং এই পথে কন্যা সন্তানের বীজ আনীত হয়। (১৭)

যদিও সুশ্রুতকার এই নাড়ীদ্বয় সম্বন্ধে কোন মতামত প্রকাশ করেন নাই, কিন্তু তিনি যাহা বলিয়াছেন [খ] তাহা হইতে অনুমিত

আর্ত্তবাং পরমং বীজমাদায়াস্যাশ্চ মূলতঃ।
যদা গর্ভাশয়ং নেষ্যত্যথ সংমিশ্রয়েন্মরুৎ॥ প্রপঞ্চসারঃ

১৬। গর্ভাশয়গতং শুক্রমার্ত্তবং জীবসংজ্ঞকং।
প্রকৃতি সবিকারা চ তৎসর্ব্বং গর্ভসংজ্ঞকম্॥ ভাবমিশ্রঃ

১৭।(ক) যা চা পরা চান্দ্রমসী চ নাড়ী কন্দর্পগেহে ভবতি প্রধানা।
সা সুন্দরী যোষিতমেবসূতে সাধ্যা ভবেদল্প রতোৎসবেষু
গৌরীতি নাড়ী যদুপস্থ গর্ভে প্রধানভূতা ভবতি স্বভাবাৎ
পুত্রং প্রসূতে বহুধাঙ্গনা সা কষ্টোপভোগ্যা সুরতো-পবিষ্টা॥ ভাবমিশ্রঃ

(খ) দ্বে শুক্রবহে দ্বে শুক্রপ্রাদুর্ভাবায় দ্বে বিসর্গায় তে এব রক্তমভিবহতো নারীণামার্ত্তব সংজ্ঞং—— সুশ্রুতঃ

---

and the vagina which placed internally forms the canal of communication between the uterus and the vulva."

Playfair.

হয় যে, এই গৌরী ও চান্দ্রমসী স্ত্রীলোকের শ্রোণিগর্ভে নিহিত থাকিয়া পুরুষের শুক্র ক্ষরণানুরূপ * আর্ত্তবের সারভূত বীজ সংজ্ঞক গর্ভোপাদান গর্ভাশয়ে বহন করিয়া থাকে। (গ) সম্ভবতঃ "পুষ্প" হইতে এই প্রকারে জীবন বীজ উৎপন্ন ও আনীত হওয়াকেই "প্রফুল্লিত ত্রিপত্র" কহে। এতদতিরিক্ত সমীরণা (the clitoris ?) নামে যে তৃতীয়া নাড়ীর কথা উল্লিখিত হইয়াছে, তাহার সুরত-স্পৃহা অতি প্রবল হইলেও গর্ভোৎপত্তির সহিত ইহার কোন সংস্রব নাই। (১৮)

(গ) জরায়ুপার্শ্বে নাড্যৌ দ্বে ডিম্বনাড্যৌ প্রকীর্ত্তিতে।
ডিম্বকোষ দ্বয়াৎডিম্বং নয়তো গর্ভকারণং——অত্রিঃ

১৮। প্রধানভূতা মদনাতপত্রে সমীরণা নাম বিশেষ নাড়ী।
তস্যা মুখে যৎপতিতং তু বীর্য্যং তন্নিষ্ফলং স্যাদিতি
চন্দ্রমৌলিঃ॥

— "Impregnation of the ovum probably takes place near the ovary or in the outer part of the Fallopian tube, the spermatozoa passing up the tube by their own vibratile movement though opposed by the ciliary current in the tube. when fertilized, the ovum is carried down to the uterus by the ciliary and peristaltic movements of the tube and lodges in the uterus, where it undergoes development." S. Nall.

* ——"The Fallopian tubes, the homologues of the vasadeferentia in the male, are structure of great plysiological interest. They serve the double purpose of conveying the semen to the ovary, and of carrying the ovule to the uterus."

গর্ভাশয়ে তিনটি মাত্র পেশী * আছে, কেহ কেহ বলেন পুরুষের মুষ্ক ও শিশ্নস্থিত পেশীত্রয় স্ত্রীলোকের গর্ভাশয় আবৃত করিয়া আছে। (১৯) কিন্তু গয়দাস ভোজ প্রভৃতি শরীর তত্ত্ববিদ্ পণ্ডিতেরা ইহা স্বীকার করেন না; তাঁহাদের মতে স্ত্রীলোকের পেশী সংখ্যা পুরুষের পেশী সংখ্যা হইতে তিনটি কম।

গর্ভাশয়, পক্কাশয় ও মূত্রাশয়ের মধ্যদেশে সংস্থিত। (২০) ইহা আকৃতিতে রোহিত মৎস্যের † মুখের ন্যায় এবং জল সংস্থিত রোহিত

---

১৯ (ক) গর্ভাশয়ে তিস্রঃ

(খ) পুংসাং পেশ্যঃ পুরস্তাদ্যা প্রোক্তা মেহন মুষ্কজাঃ
স্ত্রীনামাবৃত্য তিষ্ঠন্তি ফলমন্তর্গতং হি তাঃ

(গ) স্ত্রীণাংমাংসপেশ্য স্ত্রিভি র্হীনানি পঞ্চশতানি—গয়দাসঃ

(ঘ) পঞ্চপেশী শতান্যেব স্ত্রীবর্জ্জং বিদ্ধি ভূমিপ
অতশ্চ তিস্রো হীয়ন্তে স্ত্রীণাং শেফসি মুষ্কয়োঃ—ভোজঃ

২০ (ক) গুদমূত্রাশয়ান্তঃস্থো জরায়ু র্গর্ভমন্দিরং——অত্রিঃ

(খ) যথা রোহিতমৎসস্যমুখ ভবতি রূপতঃ।
তৎসংস্থানাং তথা রূপাং গর্ভশয্যাং বিদু র্বুধাঃ॥

---

* —— "The uterus is composed of three coats an external, serous coat, a middle or muscular layer and an internal, mucous coat.. In the impregnated state the muscular tissue becomes more prominently developed and is disposed in three layers external, middle, and internal." Gray.

† —— "The uterus is correctly described as a

মৎস্য যেমন সচল এবং উৰ্দ্ধাধোগমনশীল গর্ভাশয়েরও তদ্রূপ হ্রাস বৃদ্ধি সংঘটিত হয়। *

কেহ কেহ ইহাকে পঙ্কজ সদৃশ মনে করেন; ঋতুকালে ইহা প্রস্ফুটিত হয়, এবং উক্তকাল অতিবাহিত হইলে ইহা আবার মুদিত হইয়া যায় সুতরাং তখন ইহার বহিশ্ছিদ্র বন্ধ থাকে। (২১)

যথা চ রোহিতমৎসস্য স্থিতি র্জলে ভবতি।
তথা পিত্তাশয় পক্বাশয় মধ্যে গর্ভশয্যায়াঃ
স্থিতি র্ভবতি — রূপমপি তস্যৈব ভবতি
যথা রোহিতস্য মুখং স্বল্পমাশয় স্তু মহানিত্যর্থঃ।
(২১) দিনে ব্যতীতে নিয়তং সঙ্কুচয়ত্যম্বুজং যথা।
ঋতৌ ব্যতীতে নার্য্যাস্তু যোনিঃ সংব্রিয়তে তথা॥
— ভাবমিশ্রঃ

---

pyriform organ flattened from before backwad, consisting of the body, with its rounded fundus, and the cervix, which projects into the upper part of the vaginal canal. In the adult female it is deeply situated in the pelvis, being placed between the bladder in front and the rectum behind "

* "The uterus in the healthy female is a perfectly movable body altering its position to suit the condition of the sourrounding viscera, especially the bladder and rectum which are subjected to variations of size according to their fulness or emptiness."

Playfair.

যৌবন সমাগমে বালকদিগের যেমন শুক্র দৃষ্ট হয়, বালিকাদিগেরও তদ্রূপ শুক্র এবং আর্ত্তব দৃষ্ট হইয়া থাকে। বিশেষতঃ তাহাদিগের শরীরের বিশেষ বিশেষ স্থানে রোমরাজির * সমুদ্গম হয়; স্তন যোনি এবং গর্ভাশয়ের † পরিপুষ্টি ঘটে, নিতম্ব ও জঘন পূর্ণতা লাভ করে এবং মুখ ও চক্ষুর ঔজ্জ্বল্য সমধিক বৃদ্ধি প্রাপ্ত হয়। (২২)

এই সময় হইতে গর্ভাশয় স্থিত ধমনী পথ মাসে মাসে ‡ উন্মুক্ত হইয়া আর্ত্তবস্রাব হইতে থাকে। (২৩) দ্বাদশ বৎসরাবধি এই রজঃস্রাব

---

(২২) বালানামপি বয়ঃ পরিণামাৎ শুক্র——
প্রাদুর্ভাবো ভবতি রোমরাজ্যাদয়োঽথা
র্ত্তবাদয়শ্চ বিশেষাৎ নারীণাম্ রজসি
চোপচীয়মানে শনৈঃ শনৈঃ স্তন গর্ভাশয়
যোন্যভিবৃদ্ধি র্ভবতি—— সুশ্রুতঃ

(২৩) মাসেনোপচিতং রক্তং ধমনীভ্যা মৃতৌ পুনঃ
ঈষৎকৃষ্ণং বিগন্ধঞ্চ বায়ুর্যোনি মুখান্নুদেৎ—বাগ্‌ভটঃ

---

* "The pubes becomes covered with hair, the breasts enlarge, the pelvis assumes its fully developed form, and the general contour of the body fills out."

† "Until the period of puberty the uterus remains small and undeveloped; after that time it reaches the adult size." Playfair

‡ "By the term menstruation is meant the periodical discharge of blood from uterus which occurs, in the healthy woman, every lunar month, except during pregnancy and lactation, when it is, as a rule, suspended"

আরম্ভ হইয়া * পঞ্চাশৎ বৎসর বয়ঃক্রমকাল পর্য্যন্ত কিম্বা যতদিন শরীর ক্ষয়প্রাপ্ত না হয়, ততদিন পর্য্যন্ত এই শোণিতস্রাব নিয়মিতরূপে প্রবর্ত্তিত হয়। (২৪) এই প্রবহমান রক্ত ঈষৎ কৃষ্ণ ও গন্ধহীন এবং প্রায়শঃ তিন দিবস হইতে পাঁচ দিবসের মধ্যে অদৃশ্য † হইয়া যায়। (২৫)

গর্ভবতীদিগের আর্ত্তব দৃষ্ট হয় না। কেহ কেহ অনুমান করেন যে, ইহাঁদের ঋতুসংনিরোধের সঙ্গে সঙ্গে জরায়ুগাত্রে একটী সূক্ষ্মাবরণ সমুৎপন্ন হয়; জরায়ুপ্রদেশস্থ ধমনীমুখ এই গর্ভাবরণদ্বারা আচ্ছাদিত হওয়ায় রজঃস্রাব অসম্ভব হইয়া পড়ে। (২৬) গর্ভবতীদিগের সম্বন্ধে যেমন এই আবরণ স্থায়ীভাবে রক্তনিরোধক, সেইরূপ অন্য স্থানে

২৪। তদ্বর্ষাদ্‌দ্বাদশাৎ কালে বর্ত্তমানমসৃক পুনঃ।
জরা পক্বশরীরাণাম্ যাতি পঞ্চাশতঃ ক্ষয়ং॥

(২৫) ক রসাদেব রজঃ স্ত্রীণাং মাসি মাসি ত্র্যহং স্রবেৎ——
(খ) পঞ্চরাত্রানুবন্ধি চ ——চরকঃ

২৬। গৃহীত গর্ভাণামার্ত্তব বহানাং স্রোতসাং
বর্ত্মান্যবরুধ্যন্তে গর্ভেণ তস্মাদ্
গৃহীত গর্ভাণামার্ত্তবং ন দৃশ্যতে —— সুশ্রুতঃ।

" It may, however, serve the negative purpose of relieving the congested uterine capillaries which are periodically filled with a supply of blood for the great growth which takes place when conception has occurred."

Playfair.

* "Joulin fonnd that in tropical climates, out of 1635 cases the largest proportion began to menstruate between the 12th and 13th years."

† " Its average duration is four or five days."

অর্থাৎ গর্ভবতী ব্যতিরেকে অন্য রমণীর পক্ষে এই আবরণই অস্থায়ী রূপে অর্থাৎ এক মাসের জন্য রজোনিরোধ করিয়া থাকে। (২৭) যে স্থলে গর্ভ সমুৎপন্ন হয়, সে স্থলে উক্ত আবরণ স্থায়িত্ব লাভ করিয়া গর্ভাবরণে পরিণত হয়; আর যেখানে গর্ভ সমুৎপন্ন না হয়, সেখানে উহা প্রথম দেড় কিম্বা দুই সপ্তাহকাল বর্দ্ধনোন্মুখ থাকিয়া পরে আপনা হইতেই ক্ষরিত হইতে থাকে। যে সময়ে সম্পূর্ণ ক্ষয়লাভ করে, সেই সময়ে ধমনীপথ সকল একেবারে উন্মুক্ত হইয়া যায় এবং আর্ত্তব স্রাব পরিদৃশ্যমান হয়। * এই সময় "ঋতুকাল" নামে অভিহিত।

---

(২৭) মাসেনোপচিতং কালে ধমনীভ্যাং তদার্ত্তবং
ঈষৎকৃষ্ণং বিগন্ধঞ্চ বায়ুর্যোনিমুখং নয়েৎ —

---

* —There is much difference of opinion as to the precise mode in which the blood escapes from the vessels. Coste believed that the blood transudes through the coats of the capillaries without any laceration of their structure. Farre inclines to the hypothesis that the uterine capillaries terminate by open mouths, the escape of blood through these, between the menstrual period, being prevented by muscular contraction of the uterine wall. Pouchet believed that during each menstrual epoch the entire mucous mem-brane is broken down and cast off in the form of minute shreds, a fresh mu- cous membrane being developed in the interval between two periods. During this process the capillary net work would be laid bare and ruptured, and the escape of blood readily accounted for. Tyler Smith who adopted this theory, states that he has frequently seen the

এমন কতকগুলি স্ত্রীলোক আছে, যাহাদিগের আর্ত্তব* একেবারেই দৃষ্ট হয় না। [২৮] কিন্তু ঋতুকাল সমুপস্থিত হইলে তাহাদিগেরও নিম্নলিখিত লক্ষণ গুলি প্রকাশ পায় :—মুখ পীন ও প্রসন্ন হয়; কুক্ষিদেশ ও কেশ স্রস্ত হয়, ভুজ ও কুচদ্বয়, শ্রোণি জঘন এবং নাভি স্ফূর্ত্তিযুক্ত হইতে থাকে এবং সর্ব্বদাই যেন একটা ঔৎসুক রহিয়াছে মনে হয়; এই সময়ে স্ত্রীলোক অতিরিক্ত পুরুষাভিলাষিণী ও প্রিয়ম্বদা হয়। (২৯)

আর্ত্তব শোণিত ঈষৎ কৃষ্ণবর্ণ এবং বিগন্ধ; রক্তের দাগ যেমন বস্ত্রাদি হইতে সহজে অপনীত হয়, † আর্ত্তব শোণিতও তদ্রূপ অপনীত হইয়া থাকে। (৩০) কেহ কেহ বলেন, শুদ্ধার্ত্তব শশকের শোণিতের তুল্য,

---

২৮। অদৃষ্টার্ত্তবাপ্যস্তীত্যেকে ভাষন্তে —সুশ্রুতঃ

২৯। ক্ষাম প্রসন্ন বদনাং স্ফুরচ্ছ্রোণি পয়োধরাম্
স্রস্তাক্ষি কুক্ষিং পুংস্কামাং বিদ্যাদৃতুমতীং স্ত্রিয়ম্ ॥

৩০। শুক্রং শুক্লং গুরুস্নিগ্ধং মধুরং বহুলং বহু।
ঘৃত মাক্ষিকতৈলাভং সদ্ গর্ভায়ার্ত্তবং পুনঃ ॥
লাক্ষারস শশাস্রাভং ধৌতং যচ্চ বিরজ্যতে। বাগ্‌ভটঃ

---

uterine mucous membrane, in women who have died during menstruation, in a state of dissolution, with the broken loops of capillaries exposed.

* —"Ovulation may occur without its outward manifestation-menstruation."

† —"As the menstrual fluid escapes from the uterus it consists of pure blood." Playfair.

কেহ কেহ লাক্ষারসোপম আর্ত্তবকেই শুদ্ধার্ত্তব মনে করেন। বিশুদ্ধ আর্ত্তবের যেমন লক্ষণ আছে, বিশুদ্ধ শুক্রেরও তদ্রূপ কতকগুলি লক্ষণ আছে। স্ফটিকের ন্যায় স্বচ্ছ দ্রব স্নিগ্ধ মধুর এবং মধুগন্ধি শুক্রই উৎকৃষ্ট; মধু বা তৈল সদৃশ শুক্রকেও কেহ কেহ বিশুদ্ধ মনে করেন। (৩১)

৩১। স্ত্রীণাং যদপত্যমার্গাচ্ছুক্রমীষৎ কৃষ্ণং বিগন্ধঞ্চ
বায়ুপ্রেরিতং লোহিতং প্রবর্ত্ততে তদার্ত্তবমুচ্যতে
কিন্তু তৎ রক্তং ঈষৎ কৃষ্ণং তথা বিগন্ধং
বিস্রগন্ধং রহিতম্ প্রকৃতিস্থ প্রেরক পবন
সম্পর্কাদীষৎ কৃষ্ণতা নতু—কুপিত সমীরণ
প্রেরণ সংশ্লেষ বশাদিবাত্যন্তং কৃষ্ণতা নাপি
পিত্তেন তথা ভুতেন যুক্তং যেন বিস্রগন্ধিস্যাৎ
নাপি শ্লেষ্মণা তথা ভুতেন যুক্তং যেন তদবর্ণ
যুক্তং স্যাৎ। তথা শুদ্ধং বিশিষ্টকালে
যোনিমুখাৎ প্রবর্ত্তমানং রক্তমার্ত্তব সংজ্ঞাং লভতে
স্ফটিকাভং দ্রবং স্নিগ্ধং মধুরং মধুগন্ধি চ।
শুক্রমিচ্ছন্তি কেচিত্তু তৈল ক্ষৌদ্রনিভন্তথা॥

অরুণ দত্তঃ

---

* —— "The colour of the blood is at first dark and as the period progresses it generally becomes lighter in tint. In women, who are in bad health; it is often

আয়ুর্ব্বেদ শাস্ত্র অধ্যয়ন করিতে করিতে আশু প্রতীতি হয়, যে ইহাতে পুরুষের শুক্র এবং স্ত্রীলোকের আর্ত্তবশোণিতকেই গর্ভোৎপত্তি বিষয়ে সম্পূর্ণ রূপ প্রাধান্য দেওয়া হইয়াছে। স্ত্রী শুক্র বলিয়া যদি কোন বিশেষ পদার্থ থাকে, তাহা হইলে তাহাতে বীজ ভাব অসম্পূর্ণ অবস্থায় বর্ত্তমান আছে অর্থাৎ তাহা হইতে শুদ্ধ গর্ভ উৎপন্ন হইতে পারে না ইহা কেবলমাত্র বিকৃত গর্ভজনক। (৩২) কিন্তু একটু প্রণিধান করিয়া দেখিলে এবং তন্ত্রগ্রন্থাদি হইতে যে সকল মত পূর্ব্বাধ্যায়ে উদ্ধৃত হইয়াছে, তাহা হইতে ইহাই বোধগম্য হইবে যে আর্ত্তব বলিতে কেবল মাত্র রক্ত বুঝায় না; ইহার মধ্যে জীবসংজ্ঞক এমন একটি পদার্থ বিদ্যমান আছে, যাহার সহিত পুং শুক্রের সংমিলন হইলেই গর্ভোৎপত্তি হইয়া থাকে। [১৫ খ]

৩২। যোষিতোঽপি স্রবেত্যেব শুক্রং পুংসঃ সমাগমে
তত্র গর্ভস্য কিঞ্চিত্তু করোতীতি ন চিন্ত্যতে॥
গর্ভস্য শুদ্ধস্য বিকৃতস্য তু গর্ভস্য কারণং তদপি
ভবতি —— ভাবমিশ্রঃ

very pale. This difference, doubtless depends upon the amount of mucus, mingled with it. The menstrual blood has always a characteristic faint and heavy odour ,"

Playfair.

" The semen secreted by the testicle of an adult male is a viscid opalascent fluid having a peculiar faint odour."

পাশ্চাত্য বিজ্ঞানবিদ্দিগের মত আর্য্য ঋষিদিগের কেহ কেহ স্থির করিয়াছিলেন যে আর্ত্তব শোনিত গর্ভোৎপত্তি সম্বন্ধে বিশেষ কোন সাহায্য করে না ; * ইহা বাহ্যিক লক্ষণ মাত্র এবং অনেক পরিমাণে গর্ভোপঘাত জনক। যে শোনিতের কিঞ্চিন্মাত্র বর্ত্তমান থাকিতেও গর্ভাধান নিষিদ্ধ সেই শোনিত গর্ভরচনায় একটি প্রধান উপাদান, ইহা কখনই সম্ভবপর নহে। (৩৩)

---

৩৩ (ক) চতুর্থাদি দিবসেঽপি রজোনিবৃত্তৌ
স্ত্রীপত্যা সঙ্গচ্ছেৎ নতু রজোঽনিবৃত্তৌ—ভাবমিশ্রঃ

(খ) অত্রাস্মিন্ দ্বাদশানিশাবধাবৃতুকালে যাঃ
পূর্ব্বাস্ত্রিস্রো নিশা চাসু প্রায়ঃ পুষ্পং
প্রবর্ত্ততে তা নিন্দ্যা গহ্যাঃ সদিভঃ।
ন তত্র সম্মতিঃ স্ত্রিয়ং সঙ্গচ্ছেৎ।——অরুণদত্তঃ

(গ) তৎপদ্মেন ভবেৎ পুষ্পং বৃন্তযুক্তং ত্রিপত্রকং।
প্রফুল্লে তু ত্রিপত্রে বৈ বাহ্যে শোণিত দর্শনং॥
মাতৃকাভেদ তন্ত্রম্।

---

† — "The purpose of the loss of so much blood is also somewhat obscure. To a certain extent it must be considered an accident or complication of ovulation produced by the vascular turgescence nor is it essential to fecundation."

Playfair.

তৃতীয় অধ্যায়।

গর্ভাবক্রান্তি।

ঋতুস্রাবের পর হইতে দ্বাদশ কিম্বা ষোড়শ রাত্রি * গর্ভগ্রহণের কাল। (৩৪) কিন্তু প্রথম ত্রিরাত্রির মধ্যে গর্ভাধানের বিধান নাই। ফল কথা যতদিন পর্য্যন্ত যোনি মুখ হইতে রক্ত প্রবাহিত হইতে থাকে, ততদিন পর্য্যন্ত পুরুষ সংসর্গ নিষিদ্ধ। (৩৫) নদীস্রোতের প্রতিকূলে কোন দ্রব্য নিক্ষিপ্ত হইলে তাহা যেমন স্থানান্তরে নীত হয়, তদ্রূপ প্রথম ত্রিরাত্রি কিম্বা যতদিন রজোনিরোধ না হয়, তত দিনের মধ্যে পুরুষ সংসর্গ হইলে যোনি নিহিত বীর্য্য অধঃক্ষিপ্ত হইয়া যায়। (৩৬) ঘটনাক্রমে যদি ইহাতে সন্তানোৎপত্তি হয়, তাহা হইলে

৩৪। আর্ত্তবস্রাব দিবসাদৃতু ষোড়শরাত্রয়ঃ
গর্ভগ্রহণে যোগ্যস্তু স এব সময় স্মৃতঃ—ভাবমিশ্রঃ

৩৫। প্রবহৎ সলিলে ক্ষিপ্তং দ্রব্যং গচ্ছেত্যধো যথা।

৩৬। তথা বহতি রক্তে তু ক্ষিপ্তং বীর্য্যমধো ব্রজেৎ॥
—— ভাবমিশ্রঃ

---

* —— "Raciborski believes that in the large proportion of cases, impregnation occurs in the first half of the menstrual interval. There are however very numerous exceptions, for in Jewesses who almost invariably

সে সন্তান দীর্ঘজীবী হয় না (৩৭) চতুর্থ দিবস হইতে একাদশ দিবস পর্য্যন্ত গর্ভধারণের প্রশস্তকাল; ইহার মধ্যে যুগ্ম দিবসে পুত্র এবং অযুগ্ম দিবসে কন্যা জন্মে। [৩৯] প্রথম ত্রিরাত্রির মত একাদশ দিবসও নিষিদ্ধ। [৩৮] ঋতুস্নানের উত্তরোত্তর যত পরে সমাগম হয়, ততই সন্তানের পরমায়ু বৃদ্ধি হয়।

৩৭। আয়ুঃ ক্ষয় ভয়াদ্ভর্ত্তা প্রথমে দিবসে স্ত্রিয়ম্।
দ্বিতীয়েঽপি দিনে রত্যৈত্যজেদৃতুমতীং তথা॥
তত্র যশ্চাহিতো গর্ভো জায়মানো ন জীবতি।
আহিতো যস্তৃতীয়েঽহ্নি স্বল্পায়ুর্বিকলাঙ্গকঃ॥
অতশ্চতুর্থী ষষ্ঠী স্যাদষ্টমী দশমী তথা।
দ্বাদশী বাপি যা রাত্রি তস্যান্তাং বিধিনা ভজেৎ॥

ভাবমিশ্রঃ।

তাসু (যুগ্মাসু) হি রাত্রি ষার্ত্তবমল্পী ভবতি
তদা অন্যাস্বযুগ্মাসু শুক্রমল্পী ভবতি। অরুণদত্ত ঃ
৩৮। একাদশ্যাং হি মিথুনি ভাবে নপুংসকস্যোৎপত্তি রিতি
কেচিদাহুঃ— অরুণদত্তঃ।

---

live apart from their husbands for eight days after the cessation of menstruation, impregnation must constantly occur, at some other period of the interval and it is certain that they are not less prolific than other people.

Playfair.

প্রথম ত্রিরাত্রির ভিতর যেমন গর্ভগ্রহণ নিষিদ্ধ। সেইরূপ ষোড়শ রাত্রির পর (৩৯) কাহারও কাহারও মতে দ্বাদশ রাত্রির পর (৪০) গর্ভগ্রহণ অসম্ভব। * এই সময় হইতে ধরাদ্বার আপনা হইতেই সংনিরুদ্ধ হইয়া যায়। (৪১) সুতরাং পুংসমাগমে স্ত্রী শুক্র যদিও এ অবস্থায় বিসর্পিত † হইতে পারে; কিন্তু উভয় শুক্রের সংযোগের অভাব প্রযুক্ত গর্ভোৎপত্তি হইবার অবকাশ থাকে না। (ক) এই জন্য আর্য্য ঋষিরা বলিয়াছেন, পুরাতন রজঃ নিবৃত্ত থাকিয়া নূতন রজের

৩৯। ঋতুস্তু দ্বাদশ নিশাঃ পূর্ব্বা স্তিস্রশ্চ নিন্দিতাঃ।
একাদশী চ যুগ্মাসু স্যাৎ পুত্রোঽন্যাসু কন্যকা বাগ্‌ভটঃ

৪০। দ্বাদশ রাত্র স্বভাবে যোনি সঙ্কোচ মায়াতি। অরুণদত্ত

৪১। ঘৃতপিণ্ডং যথৈবাগ্নি মাশ্রিত্য প্রবিলীয়তে।
বিসর্পত্যার্ত্তবং নার্য্যা স্তথা পুংসঃ সমাগমে॥

(ক) পদ্মং সঙ্কোচ মায়াতি দিনেঽতীতে যথা তথা
ঋতাবতীতে যোনিঃ সা শুক্রং নাতঃ প্রতীচ্ছতি
বাগ্‌ভটঃ

---

* Impreganation is impossible in the latter half of the menstrual interval. Dr. A vrard.

† The follicle may remain unruptured for a considerable time after it is mature, the escape of the ovule being subsequently determined by some accidental cause, such as sexual excitement. Coste.

প্রবৃত্তি হইবার পর শুদ্ধস্নাতা হইলে যে স্ত্রীর শোণিত এবং গর্ভাশয় অব্যাপন্ন থাকে, তাহাকেই ঋতুমতী মনে করিতে হইবে। (৪২) আয়ুর্বেদ শাস্ত্রমতে প্রথম গর্ভাধান সম্বন্ধে যে বিধান আছে, তাহাতে স্ত্রীর বয়স * ষোড়শ বর্ষের ন্যূন এবং পুরুষের বয়স পঞ্চবিংশতি, ন্যূন পক্ষে বিংশতি বৎসরের কম হওয়া উচিত নহে। (৪৩) পঞ্চাশৎ বৎসরের

৪২। গতে পুরাণে রজসি নবে চাবস্থিতে
পুনঃ শুদ্ধস্নাতাং স্ত্রিয় মব্যাপন্ন যোনি
শোণিত গর্ভাশয়ামৃতুমতীমাচক্ষ্মহে। চরকঃ

৪৩। "ষোড়শ বর্ষায়াঃ পঞ্চবিংশতি বর্ষঃ পুত্রার্থং লভতে"

---

* There should not be more than three to five years difference between the ages of the man and the woman the husband being the senior. Ruddock.

Too early marriage often results in arrest of development, a shattered constitution, and generally impaired health in the mother. Such marriages are also generally less fertile and the children who are the product of them are weak puny and have an increased rate of mortality.

Too late marriage frequently entails much discomfort and the children of such parents are often sickly and die prematurely. Very early and very late marriages (which) show a large proportion of cases of sterility. Ruddock.

পর হইতে রজো নিরোধ হয়, সুতরাং অধিক বয়স্কা স্ত্রীলোক*স্বভাবতঃই পুত্রোৎপাদনে অসমর্থা। [২৪] যদিও কোন কোন স্থলে এই নিয়মের ব্যাভিচার পরিদৃষ্ট হয়, কিন্তু তাহা অস্বাভাবিক মনে করিতে হইবে। স্থূলকথা বীর্য্যবান পুত্র লাভার্থ গর্ভাধানের বিধানানুযায়িক নিরূপিত কাল এবং ক্রিয়াদির প্রতিপালন † যেমন আবশ্যকীয়, তদ্রূপ শুক্রার্ত্তবের বিশুদ্ধতার প্রতি লক্ষ্য রাখা (৪৪) তদপেক্ষা আরও অধিক আব-

৪৪। পূর্ণ ষোড়শবর্ষা স্ত্রী পূর্ণ বিংশেন সঙ্গতা।
শুদ্ধে গর্ভাশয়ে মার্গে রক্তে শুক্রেঽনিলে হৃদি।
বীর্য্যবন্তং সুতং সূতে ততো ন্যূনাব্দয়োঃ পুনঃ।
রোগাল্পায়ুরধন্যো বা গর্ভো ভবতি নৈ ব বা॥
বাগ্‌ভটঃ

* "After a certain time changes occur, showing that the woman is no longer fitted for reproduction ; menstruation ceases ....The uterus decreases in size...... In a large number of cases there is after the cessation of menstruation an occlusion both of the external and internal os. Menstruation generally ceases between 40 and 50 years of age." Playfair.

† "The essential conditions, then, necessary for the production of healthy and beautiful children are, good health on both the paternal and maternal sides, and the observance of correct rules." Ruddock.

চনীয়। অন্যথা সন্তানোৎপত্তি দুর্ঘট হইয়া উঠে, কিম্বা যদি সন্তান জন্মগ্রহণ করে, তাহা হইলে সে সন্তান নীরোগী এবং দীর্ঘায়ুঃ হয় না।

আয়ুর্ব্বেদ শাস্ত্র নীরোগী ও দীর্ঘায়ুঃ সন্তান লাভার্থ আর একটি উপদেশ প্রদান করিয়াছেনঃ—পিতা অতুল্যগোত্রীয় * হওয়া চাই, সমগোত্রীয়া স্ত্রীর (৪৫) গর্ভে যে সন্তান উৎপন্ন হয় তাহাতে পিতৃজ ও মাতৃজ ব্যাধির অত্যন্ত প্রাবল্য দৃষ্ট হয়, পাশ্চাত্যবিজ্ঞানবিৎ পণ্ডিতেরা ইহা স্পষ্টরূপে প্রমাণ করিয়াছেন, সুতরাং ক্ষেত্রের উৎকর্ষ ও অপকর্ষ সন্তানের উৎকর্ষ ও অপকর্ষের একটি প্রধান কারণ ইহা এক প্রকার অবিসম্বাদী।

৪৫। অতুল্যগোত্রস্য রজঃক্ষয়ান্তে × × × । চরকঃ

---

* "The consequence of the intermarrige of persons of the same blood such as first or second cousins, is to perpetuate and intensify any constitutional infirmity in the next generation .... A large proportion of those children who are born with defective senses—blind, deaf, dumb&—are the offspring of near relations. It has been stated on the highest authority that the marriage of first cousins is undoubtedly the most prolific cause of congenital deaf-mustism known and it frequently affects the sight and constitution generally and the mental capacity as well. Such cases could be multiplied indefinitely. They are full of warning against the marriage of blood relations." Ruddock.

এতদ্‌সম্বন্ধে পিতা মাতার মানসিক ভাব * শারীরিক অবস্থা এবং শুক্রার্ত্তবের শুদ্ধাশুদ্ধতা বিশেষ ভাবে উল্লেখনীয়। (৪৬)

ঋতুমতী হইবার কিছু দিন পূর্ব্ব হইতেই স্ত্রীকে যে সকল নিয়ম প্রতিপালন করিতে হইবে তাহা, এবং ঋতুকালীন ও তৎপরবর্ত্তী আচরণ সকল যাহা চরক গ্রন্থে বিস্তৃতভাবে উল্লিখিত হইয়াছে, সেই সমস্ত নিয়মাবলীর স্থূল মর্ম্ম প্রদত্ত হইল। (শরীরস্থানং অষ্টমোঽধ্যায় জাতিসূত্রীয়ম)

৪৬। তত্রাত্যশিতা ক্ষুধিতা পিপাসিতা ভীতা বিমনাঃ
শোকার্ত্তা ক্রুদ্ধা চান্যঞ্চ পুমাংসমিচ্ছন্তী
মৈথুনে চাতিকামা বা নারী গর্ভং
ন ধত্তে বিগুণাং বা প্রজাং জনয়তি॥
অতিবালামতিবৃদ্ধাং দীর্ঘরোগিণীমন্যেন
বা বিকারেণোপসৃষ্টাং বর্জ্জয়েৎ।
পুরুষেঽপ্যেত এব দোষা। অতঃ সর্ব্বদোষ-
বর্জ্জিতৌ স্ত্রীপুরুষৌ সংসৃজ্যেয়াতাম্॥

---

* "There should be at the time the most perfect health; also freedom from bodily fatigue, mental excitement or depression, and the disturbing influence of active digestion, as after a full meal."

"The causes of sterility may be local, affecting some portion of the generative apparatus or constitutional

১ম। ঋতুর পূর্ব্বে স্ত্রী ও পুং শুক্রের পরিপুষ্টি ও বিশুদ্ধিজনক স্নেহ স্বেদ বমন বিরেচন অনুবাসন আস্থাপনাদি শরীরসংশুদ্ধি ও আহার। * (৪৭)

৪৭। স্ত্রীপুরুষয়োরব্যাপন্নশুক্রশোণিতযোনিগর্ভাশয়য়োঃ
শ্রেয়সীং প্রজামিচ্ছতোস্তন্নির্ব্বৃত্তিকরং
কর্ম্মোপদেক্ষ্যামঃ॥
অথাপ্যেতৌ স্ত্রীপুরুষৌ স্নেহস্বেদাভ্যামুপপাদ্য
বমনবিরেচনাভ্যাং সংশোধ্য ক্রমাৎ
প্রকৃতিমাপাদয়েৎ সংশুদ্ধৌ চাস্থাপনানুবাসনাভ্যা-
মুপাচরেদুপাচরেচ্চ মধুরৌষধসংস্কৃতাভ্যাং
ঘৃতক্ষীরাভ্যাং পুরুষং স্ত্রিয়ন্তু তৈলমাংসাভ্যাম্॥

---

the sexual functions suffering in common with those of the body generally."

"The constitutional causes include those in which the general physical powers are exhausted, as the consequence of acute or chonie disease; obesity; severe, protracted, or unaccustomed exertion; too close application to business, or excessive exertion of the brain."

* A careful selection of food will aid in the removal of the sterile condition. What ever is nutritive should be preferred: Foods that contain a large prcportion of phosphorus, fish, especially shellfish if it can be digested; these will increase the nerve-power." Ruddock.

২য়। ঋতুকালে লঘু ভোজন * এবং চিত্তচাঞ্চল্য জনক বিহারাদির পরিবর্জ্জন। (৪৮)

৪৮। ততঃ পুষ্পাৎ প্রভৃতি ত্রিরাত্রমাসীৎ
ব্রহ্মচারিণ্যধঃশায়িনী পাণিভ্যামন্নমজর্জ্জরপাত্রে
ভুঞ্জানা ন চ কাঞ্চিদেব মৃজামাপদ্যেত॥
শুদ্ধস্নানাৎ প্রভৃত্যস্যৈ মন্থমবদাতং যবানাং
মধুসর্পির্ভ্যাং সংসৃজ্য শ্বেতায়া গোঃ সরূপবৎসায়াঃ
পয়সালোড্য রাজতে কাংস্যে বা পাত্রে
কালে কালে সপ্তাহং সততং প্রযচ্ছেৎ পানায়
প্রাতশ্চ শালিযবান্নবিকারান্
দধিমধুসর্পির্ভিঃ পয়োভির্বা সংসৃজ্য ভুঞ্জীত।

---

* There is an intimate connection between the sexual and the nutritive functions." Ruddock.

"Indolent and luxurious habits, excessive indulgence in the pleasures of the table and especially the free use of wine, are frequent causes of Sterility."

"The fecundity of the human race is diminished by the indolent and luxurious mode of life prevalent among the rich, whilst it is augmented by the industrial habits and spare diet of the poor..............the proportionate infecundity of the two being, in general terms as six to two."— Sadler.

৩য়। ঋতুস্নানান্তে স্বামী ও স্ত্রীর পরস্পরের চিত্তাকর্ষণ,* বেশভূষা ও মাল্যাদি ধারণ। (৪৯)

৪৯। ততশ্চতুর্থেঽহন্যেনামুৎসাদ্য সশিরস্কং স্নাপয়িত্বা
শুক্লানি বাসাংস্যাচ্ছাদয়েৎ পুরুষঞ্চ॥
ততঃ শুক্লবাসসৌ চ স্রগ্বিণৌ সুমনসাবন্যোন্য-
মভিকামৌ সংবসেতামিতি ব্রূয়াৎ॥
সৌম্যাভিশ্চৈনাং কথাভির্মনোঽনুকূলাভিরুপাসীত।
সৌম্যাকৃতিবচনোপচারচেষ্টাংশ্চ
স্ত্রীপুরুষানিতরানপি চেন্দ্রিয়ার্থানবদাতান্ পশ্যেৎ।
সহচর্য্যশ্চৈনাং প্রিয়হিতাভ্যাং সততমুপচরেয়ুঃ
তথা ভর্ত্তা ন চ মিশ্রীভাবমাপদ্যেয়াতাম্॥
ইত্যনেন বিধিনা সপ্তরাত্রং স্থিত্বাষ্টমেঽহন্যাপ্লুত্যাদ্ভিঃ
সশিরস্কং সহ ভর্ত্রা চাহতানি বস্ত্রাণ্যাচ্ছাদয়েৎ
অবদাতানি অবদাতাশ্চ স্রজোভূষণানি বিভৃয়াৎ॥

---

*There should be the most perfect harmony and congeniality of taste, temper, and disposition between the husband and the wife, the one responding to the other, without any sense of discord, or feeling of repugnance. The practical lesson to be gathered from this fact is, that sexual connection, at least whenever conception is a possible result, should only take place under favourable conditions" Ruddock.

৪র্থ। এই সময়ে বাঞ্ছিত বল বর্ণাদি সম্পন্ন সন্তান লাভার্থ তদুপযুক্ত আহার, বস্তুর পরিদর্শন, ও চিন্তা * এবং আচরণ। (৫০)

৫০। সায়মবদাতশরণশয়নাসনযানবসনভূষণবেশা চ স্যাৎ॥
সায়ংপ্রাতশ্চশশ্বৎ শ্বেতং মহান্তম্ ঋষভম্
আজানেয়ং হরিচন্দনাঙ্কিত পশ্যেৎ।
যা তু স্ত্রী শ্যামং লোহিতাক্ষং ব্যূঢ়োরস্কং
মহাবাহুং পুত্রমাশাসীত।
যা বা কৃষ্ণং কৃষ্ণমৃদুদীর্ঘকেশং শুক্লাক্ষং
শুক্লদন্তং তেজস্বিনমাত্মবন্তম্।
এষ এবানয়োরপি হোমবিধিঃ কিন্তু পরিবর্হবর্ণ বর্জ্জ্যা
স্যাৎ পুত্রবর্ণানুরূপস্তু যথাশীরেব
তয়োঃ পরিবর্হোঽন্যঃ কার্য্যঃ স্যাৎ॥
দ্বিজেভ্যঃ শূদ্রা তু নমস্কারমেব কুর্য্যাৎ
দেবগুরুতপস্বিসিদ্ধেভ্যশ্চ।
যা যা চ যথাবিধং পুত্রমাশাসীত তস্যাস্তস্যাস্তাং
তাং পুত্রাশিষমনুনিশম্য তাংস্তান্
জনপদান্ মনসানুপরিক্রাময়েৎ।

---

* "Some doubts has been expressed as to whether impressions made upon the mother, by fright or otherwise, affect the unborn child. Arguments have been

৫ম। সহবাসের কাল এবং প্রক্রিয়ার বিধি। (৫১)

ততো যা যা যেষাং যেষাং জনপদানাং
মনুষ্যাণামনুরূপং পুত্রমাশাসীত সা সা তেষাং তেষাং
জনপদানামাহারবিহারোপচারপরিচ্ছদাননু-
বিধীয়স্বেতি বাচ্যা স্যাৎ।
ইত্যেতৎ সর্ব্বং পুত্রাশিষাং
সমৃদ্ধিকরং কর্ম্ম ব্যাখ্যাতং ভবতি॥
ন তু খলু কেবলমেতদেব কর্ম্ম বর্ণানাং
বৈশেষ্যকরমপি তু তেজোধাতুরপ্যুদ-
কান্তরীক্ষধাতুপ্রায়োঽবদাতবর্ণকরো ভবতি।
পৃথিবীবায়ুধাতুপ্রায়ঃ কৃষ্ণবর্ণকরঃ
সমসর্ব্বধাতুপ্রায়ঃ শ্যামবর্ণকরঃ॥

৫১। স্নানাৎ প্রভৃতি যুগ্মেষহঃসু সংবসেতাং
পুত্রকামৌ তৌ চাযুগ্মেষু দুহিতকামৌ॥
ন চ ন্যুব্জাং পার্শ্বগতাং বা সংসেবেত।
ন্যুব্জায়া বাতো বলবান্ স যোনিং পীড়য়তি।
পার্শ্বগতায়া দক্ষিণে পার্শ্বে শ্লেষ্মা

---

employed to show, on physiological grounds, that the foetus cannot be influenced. But facts are stronger than arguments. We might quote numerous instances, some from our own experience, in which most unquestionably

আজ কাল শিক্ষার বিপর্য্যয়ে পূর্ব্বোক্ত পাঁচটি নিয়ম আর প্রতি পালিত হয় না; এখন সমস্তই স্বেচ্ছাচার! তাই বলিতে ইচ্ছা হয় হিন্দুর প্রত্যেক কার্য্যের ভিতর——জীবনে—মরণে—যে ধর্ম্ম প্রতিষ্ঠিত ছিল, যে ধর্ম্মকে আশ্রয় করিয়া পুরাকালে হিন্দুগণ দার পরিগ্রহ করিতেন, গর্ভাধানের সময় উপস্থিত হইলে, যে ধর্ম্মের অনুসরণ করিয়া স্ত্রী পুরুষে ব্রহ্মচর্য্য (৫২) অবলম্বন করিতেন, আর যে ধর্ম্ম নির্দ্দিষ্ট

সংচ্যুতোঽপি দধাতি গর্ভাশয়ম্।
বামে পার্শ্বে পিত্তং তদস্যাং পীড়িতং বিদহতি
রক্তশুক্রং তস্মাদুত্তানা সতী বীজং গৃহীয়াৎ।
তস্যা হি যথাস্থানবতিষ্ঠন্তে দোষাঃ
পর্য্যাপ্তে চৈনাং শীতোদকেন পরিষিঞ্চেৎ।

৫২। ঋতৌ প্রথমদিবসাৎ প্রভৃতি ব্রহ্মচারিণী
দিবাস্বপ্নাঞ্জনাশ্রুপাতস্নানানুলেপনাভ্যঙ্গ
নখচ্ছেদন প্রধাবনহসন কথনাতিশব্দ
শ্রবণাবলেখনানিলয়াসান্ পরিহরেৎ।
কিং কারণম্? দিবাস্বপন্ত্যাঃ স্বাপশীলঃ
অঞ্জানাদন্ধঃ, রোদনাদ্বিকৃতদৃষ্টিঃ, স্নানা
নুলেপনাদ্ দুঃখশীলঃ, তৈলাভ্যঙ্গাৎ
কুষ্ঠী, নখাপকর্ত্তনাৎ কুনখী, প্রধাবনা
চ্চঞ্চলঃ, হসনাচ্ছ্যাবদন্তৌষ্ঠতালুজিহ্বঃ,

---

congenital deformity could be accounted for, by impressions received by the mother during pregnancy. Any strong, striking impressions, not necessarily the result

বেদোক্ত মন্ত্রসকল (৫৩) উচ্চারণ করিতে করিতে ঋতুমতী, শুদ্ধস্নাতা অতুল্যগোত্রীয়া, অনুকূলা, ব্যাধিহীনা স্ত্রীতে সময়ে উপগত হইতেন, সে ধর্ম্ম—সে শাস্ত্রবিশ্বাস অকালে অস্তমিত হইয়াছে। তখন যার পণ্ডিতের আদর ছিল, চিকিৎসকের মতামতের মূল্য ছিল, আশ্রমধর্ম্মে স্থিরতা ছিল,—আধুনিক মিথ্যাহিন্দুআখ্যাধারী বিপরীত বুদ্ধি বিকৃতমস্তিষ্ক যুবকবৃন্দের মত তাঁহারা শিক্ষার সঙ্গে গার্হস্থ্য ধর্ম্ম মিশাইয়া ফেলেন নাই! সহধর্ম্মিনীকে কাম-পঞ্চালিকা মনে করেন নাই! শনিবাসর রবিবাসর গর্ভাধানের প্রকৃষ্ট কাল বলিয়া নিধার্য্য করেন নাই! তখন ভারতে বল ছিল, বীর্য্য ছিল, ধর্ম্ম ছিল, শৌর্য্য ছিল; তখন জ্ঞান বিজ্ঞানের প্রবলপ্রতিভায় ভারত মুখ সমুজ্জ্বল থাকিত; ভারত তখন দাস জাতির বাসভূমি বলিয়া অবনত-মস্তক হয় নাই! আর্য্য জাতির আদরের,—যত্নের—সোহাগের এই "সজলা সফলা মলয়জশীতলা শস্যশ্যামলা" ভারত ক্ষেত্রে তখন দুর্ব্বলমস্তিষ্ক, ক্ষীণদৃষ্টি, অজিতেন্দ্রিয়, অপ্রশস্তবক্ষ, অকালবৃদ্ধ ঐক্ষাবতশ্রেণীসদৃশ ছাত্রবৃন্দ দৃষ্ট হইত না। যে দেশীয়ের মস্তিষ্ক

প্রলাপী চাতি কথনাৎ, অতিশব্দশ্রবণা
দ্বধিরঃ, অবলেখনাৎ খলতিঃ, মারুতায়াস
সেবনাদুন্মত্তো গর্ভো ভবতি। * সুশ্রুতঃ

৫৩। তৈলমাষোত্তরাহারা তত্র মন্ত্রং প্রয়োজয়েৎ বাগভটঃ

of fright or terror, may affect the child. * We therefore counsel, those who are pregnant, so to fortify their constitutions by good habits that they may escape the nervous condition which is susceptible to impressions to avoid whatever may expose them to risk of being

বহুবর্ষ অবিচ্ছেদী ধ্যান ধারণায় কোমলতা প্রাপ্ত হয় নাই, যে দেশীয়ের মাংসপেশী দীর্ঘব্যাপি অবিরাম যুদ্ধে শিথিলতা অনুভব করে নাই, "বানিজ্যে বশতে লক্ষ্মীঃ" এই মন্ত্র প্রতিনিয়ত জপ করিয়া যে দেশীয়ের কণ্ঠ কখনই ক্লিষ্ট হয় নাই, সেই দেশীয়ের মস্তিষ্কে আজ সামান্য অর্দ্ধঘণ্টা চিন্তাও অসহনীয়! ক্ষুদ্র লোষ্ট্রখণ্ড নিক্ষেপণের বেগে মাংসপেশী আকুলিত হইয়া উঠে! বিদেশ—বানিজ্যের নাম করা দূরে থাক, শুনিবামাত্র কণ্ঠ রুদ্ধ হইয়া আসে! কেন এই পরিবর্ত্তন হইল? কেন এত শোচনীয় অবস্থা সংঘটিত হইল? এই প্রশ্নের মূলতত্ত্ব অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায়, আর্য্যের অনার্য্য হইবার আর অপর কারণ নাই— কারণ ধর্ম্মহীনতা (আচারহীনতা, অজিতেন্দ্রিয়তা, অবিশুদ্ধ শুক্রার্ত্তবের অবৈধসম্মিলন) আর তাহার বিষময় ফলস্বরূপ আর্য্যজাতির এই হৃদয়বিদারক শারীরিক ও মানসিক অধঃপতন।

(ক) সঞ্জাতহর্ষৌ মৈথুনে চানুকূলা বিষ্টগন্ধং
সাস্তীর্ণং সুখং শয়নমুপকল্প্য মনোজ্ঞং
হিতমশনমশিত্বা দক্ষিণপাদেন পুমান্
বামপাদেন স্ত্রী চারোহেৎ তত্র মন্ত্রং প্রযুঞ্জীত।
অহিরসি আয়ুরসি সর্ব্বতঃ প্রতিষ্ঠাসি ধাতাত্বাংদধাতু
বিধাতাত্বাংদধাতু ব্রহ্মবর্চ্চসা ভবেদিতি চরকঃ

---

struck with what is disagreeable and repulsive, and to surround themselves with pleasant associations and objects of grace and beauty. If a child unborn is affected by what is repulsive, it may also be susceptible to what is attractive.

পাশ্চাত্য বিজ্ঞানে যাহা লেখা আছে, আর্য্য বিজ্ঞানবিদ্‌দিগেরও সেই কথা। চরকোক্ত নিয়মাবলী পাঠ করিলে দেখা যায় যে, গর্ভা-ধান বিষয়ে শুক্রার্ত্তবের সংশুদ্ধিই মূল প্রয়োজনীয় বস্তু। কারণ বীজের সত্ত্বানুসারে গর্ভস্থ জীবের প্রকৃতি ও সত্ত্ব নিয়ন্ত্রিত হইয়া থাকে, এবং ভূমিষ্ঠ জীবও এই সত্ত্বানুরূপ প্রকৃতি সম্পন্ন হয়। (৫৪) ডারউইনাদি বিজ্ঞানবিদ্‌গণ ঠিক ইহাই ঘোষণা করিয়াছেন। *

(৫৪) সত্ত্ব বৈশেষ্যকরাণি পুনস্তেষাং প্রাণিনাং
মাতৃপিতৃ সত্ত্বান্যন্তর্ব্বত্ন্যাঃ শ্রুতয়শ্চাভীক্ষ্ণং
স্বোচিতঞ্চ কর্ম্ম-সত্ত্ব বিশেষাভ্যাসশ্চেতি।
যথা হি বীজমনুপতপ্তম্ উপ্তং স্বাং স্বাং
প্রকৃতিমনুবিধীয়তেব্রীহির্ব্বাব্রীহিত্বং যবো বা যবত্বং তথা
স্ত্রীপুরুষাবপি যথোক্তং হেতুবিভাগমনুবিধীয়তে॥ চরকঃ

* "The fact can not be dispted, though appreciable with difficalty, that the natural and special dispositions of the individual descend to him in a certain measure from his origin, and that parents transmit to their children such and such moral propensities, just as they do such and such physical temperament or such and such features. Heriditary transmission enters into the moral as well as into the physical order of the world." M Guizot.

"The qualities of the germs. furnished at the period of impregnation, will cling to the individual during the entire qeriod of natural life." Darwin.

চতুর্থ অধ্যায়।

বন্ধ্যা ও ক্লৈব্য রোগ।

(STERILITY.)

শুক্রার্ত্তবের সংশুদ্ধিই যে ভবিষ্যবংশসুনির্ম্মাণের মূল ভিত্তি এ বিষয়ে মতদ্বৈধ নাই। ফল কথা, সুপক্ক বীজ হইতে যেমন সুশোভন বৃক্ষ সমুদ্ভূত হয়, তদ্রূপ শুদ্ধশুক্র হইতে সুসন্তান জন্ম গ্রহণ করে। দূষিত বীজ হইতে সন্তান উৎপন্ন হওয়াই অসম্ভব। (৫৫) সেই জন্য আয়ুর্ব্বেদশাস্ত্র যত্ন সহকারে শুক্রার্ত্তবসংশুদ্ধির বিধান * বিধিবদ্ধ করিয়াছেন। যে যে কারণে রেতঃ দূষিত হয়, সেই সেই কারণে আর্ত্তবও দূষিত হইয়া থাকে। এতৎসম্বন্ধে বাত, পিত্ত, শ্লেষ্মা, কুণপ, গ্রন্থি, পূতি, পূয, ক্ষীণ, মূত্র ও পুরীষ দোষই উল্লেখের যোগ্য * (বিশেষ বিবরণ ও চিকিৎসা পরিশিষ্টে দেখ)

---

(৫৫) যথোক্তেন বিধিনোপসংস্কৃত শরীরয়োঃ
স্ত্রীপুরুষয়োস্তু মিশ্রীভাবমাপন্নয়োঃ
শুক্র শোণিতেন সহ সংযোগং সমেত্যা
ব্যাপন্নমব্যাপন্নেন যোনাবনুপহতা
য়ামপ্রদুষ্ঠে গর্ভাশয়ে গর্ভমভি নির্ব্ব
র্ত্তয়ত্যেকান্তেন। যথা নির্ম্মলে বাসসি
সুপরিকল্পিতে রঞ্জনং সমুদিতগুণম্
পনিপাতাদেব রাগমভিনির্ব্বর্ত্তয়তিতদ্বৎ। চরকঃ

---

* The local causes are very varied and we can only

বাত পিত্ত শ্লেষ্মা কিম্বা রক্ত দূষিত শুক্রে, বাত পিত্ত শ্লেষ্মা ও রক্তের অনুরূপ বর্ণাদি জন্মে। * কেবল, বেশীর ভাগ, রক্ত দূষিত শুক্রের গন্ধ অতিশয় শবগন্ধি। ৫৬)

গ্রন্থিশুক্রে বাত শ্লেষ্মা, পুতিপূয সদৃশ শুক্রে পিত্তশ্লেষ্মা এবং ক্ষীণ শুক্রে বাত পিত্তের, প্রকোপ দৃষ্ট হয়। সন্নিপাত দোষে দূষিত শুক্র মূত্র ও পুরীষের গন্ধ ধারণ করে।(৫৭)

---

(৫৬) বাতপিত্তশ্লেষ্মকুণপগ্রন্থিপূতিপূযক্ষীণমূত্রপুরীষ রেতসঃপ্রজোৎপাদনে ন সমর্থা ভবন্তি। সুশ্রুতঃ

(৫৭) রক্তেন কুণপং শ্লেষ্মা বাতাভ্যাং গ্রন্থিসন্নিভম্।
পূযাক্তং রক্তপিত্তাভ্যাং ক্ষীণং মারুতপিত্ততঃ।
কৃচ্ছ্রাণ্যেতান্যসাধ্যন্তু ত্রিদোষং মূত্রবিট্‌প্রভং॥
বাগভট্টঃ

---

mention a few of the prominent, such are—an imperforate hymen, or one only so slightly peoforate that effectual congress is prevented; narrowness or partial closure of the vagina,......Leucorrhoea; ill-timed or too frequent sexual intercourse.

